দৈনিক বাংলা

তারিখ ... 07 APR 1988 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

085

# পরীক্ষায় নকল হলে স্কুলের মঞ্জুরী বন্ধ হবেঃ শিক্ষামন্ত্রী

পরীক্ষায় যেসব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রদের অসৎপন্থা অবলম্বন করতে দেখা যাবে সরকার তাদের অনুদান বন্ধের বিষয় চিন্তা-ভাবনা করছেন। শিক্ষামন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ গতকাল ঢাকায়

(শেষ পঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(প্রথম পৃঃ পর)

একথা বলেন।

মন্ত্রী হাবিবুল্লা বাহার কলেজে নবীন বরণ ও কলেজ ছাত্র ইউনিয়নের নবনির্বাচিত কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন শিক্ষাপ্রতিষ্ঠানে অসৎপন্থা অবলম্বনের বিষয়টি সরকার গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছেন। তিনি এ প্রসঙ্গে বলেন, শিক্ষারমান অব্যাহত রাখতে ও ভবিষ্যৎ বংশধরদের কল্যাণে এ পন্থা অবশ্যই বন্ধ করতে হবে।

পরীক্ষায় অসৎপন্থা গ্রহণ বন্ধে সরকারী প্রচেষ্টার প্রতি সমর্থন জানাতে মন্ত্রী দলমত নির্বিশেষে সকলের প্রতি আহ্বান জানান।

কলেজের অধ্যক্ষ জনাব এ রাজ্জাক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। খবর বাসসর।